গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
manikchari.khagrachhari.gov.bd

মানিকছড়ি উপজেলায় ১৬ সেপ্টেম্বর/২০১৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত আইন-শৃংখলা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : যুথিকা সরকার, উপজেলা নির্বাহী অফিসার, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মানিকছড়ি।
তারিখ ও সময় : ১৬ সেপ্টেম্বর'২০১৫ খ্রিস্টাব্দ, সকাল ১০.০০ ঘটিকা।
বিবেচ্য মাস : আগস্ট ২০১৫খ্রিস্টাব্দ।

সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্য/গন্যমান্য ব্যক্তিবর্গের তালিকা পরিশিষ্ট "ক" তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করণ করা হয়। তাছাড়া মানিকছড়ি উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি, সামাজিক অস্থিরতা ও এলাকায় শান্তি-শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার অনুরোধ জানানো হয়। আলোচ্য মাসের সার্বিক আইন-শৃংখলা বিষয়ে বিস্তারিত আলোচনায় সবার মতামত আহবান করেনঃ

অফিসার ইনচার্জ, মানিকছড়ি থানা হতে প্রাপ্ত অপরাধ চিত্র নিয়ে দেখানো হল :

থানার নাম	মাসের নাম	ডাকাতি	দস্যুতা রাহাজানি	সিঁধেল চুরি	চুরি	খুন	দাঙ্গা	অস্ত্র আইন	লোক অপহরন	নারী নির্যাতন	চোরা চালান	অন্যান্য	মোট	মন্তব্য
মানিকছড়ি	আলোচ্য মাস	--	--	--	০১	০১	--	--	--	--	--	০১	০৩	--
	গত মাস	--	--	--	--	--	--	--	--	০২	--	০২	০৪	--

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	**অপরাধ চিত্র :** (ক) অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায়, জুলাই'২০১৫ মোট অপরাধ- ০৪টি, আগস্ট'২০১৫ মাসে মোট অপরাধের সংখ্যা- ০৩টি। সেপ্রেক্ষিতে আলোচ্য মাসে মানিকছড়ি উপজেলায় অপরাধ প্রবণতা হ্রাস পেয়েছে। (খ) অফিসার ইনচার্জ, মানিকছড়ি থানা জানান যে, মানিকছড়ি উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি বেশ ভাল। তবে একার পক্ষে আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণ করা সম্ভব নয় বিধায় সমন্বিত অবস্থায় পরিস্থিতি মোকাবেলা করার অনুরোধ করেন। সর্বাত্মকভাবে আইন-শৃংখলা নিয়ন্ত্রণ করা হচ্ছে। আলোচ্য মাসে বেশ কয়েকটি মোটর সাইকেল চুরির ঘটনা ঘটেছে। মোটর সাইকেল চুরির ঘটনার তদন্ত করা হচ্ছে। আসন্ন পবিত্র কোরবানীর ঈদ উপলক্ষে গরুর হাটে জাল নোট সনাক্তকারী বুথ ও ব্যাংক কর্মকর্তার তদারকি এবং মাইকিং করার অনুরোধ করেন। তাছাড়া পাহাড়ী বাঙ্গালী ভ্রাতৃত্বপূর্ণ পরিবেশে বসবাস করার অনুরোধ জানান। উত্তেজনামূলক, উষ্কানিমূলক বক্তব্য প্রদানকারীর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।	অপরাধ প্রতিরোধে আইন-শৃংখলা বাহিনীকে আরো সক্রিয় থাকতে হবে।	১। অফিসার ইনচার্জ, মানিকছড়ি থানা।
০২	**মোবাইল কোর্ট :** (ক) আগস্ট২০১৫ মাসে মানিকছড়ি উপজেলায় ০৯টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। যার মধ্যে মোটর যান আইনে- ০৭টি, ইভটিজিং এ- ০১টি এবং অন্যান্য- ০১টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। অবৈধভাবে উত্তোলিত জব্দকৃত বালু নিলামে বিক্রয় করে ৩৫,৫০০/- (পঁয়ত্রিশ হাজার টাকা) সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করা হয়েছে। তাছাড়া নিয়মিত ভাবে মোবাইল কোর্ট পরিচালনা করার বিষয়ে আলোচনা হয়।	নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ
০৩	**গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন :** (ক) গত সভার কার্যবিবরণী অনুয়ায়ী মানিকছড়িতে নিয়মিত মোবইল কোর্ট পরিচালনা করা ২। অনুপস্থিত জনপ্রতিনিধিদের উপস্থিত থাকা। ৩। কোরবানীর পশুর বর্জ্য সঠিক ব্যবস্থাপনায় নিষ্কাষন করা। ৪। তাবলীগ এর লোকজন আসার সাথে সাথে পুলিশ প্রশাসনকে অবহিত করা। ৫। সঠিক ও নির্ভুল ভাবে জন্ম নিবন্ধণ প্রণয়ন করাসহ বাল্য বিবাহ, বহু বিবাহ এবং যৌতুক, বিরোধী প্রচারণা/উদ্বুদ্ধকরণ কর্মসূচী অব্যাহত রাখা।	১। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়ন করে আগামী সভায় উপস্থিত থেকে তার অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করতে হবে।	১। ইউপি চেয়ারম্যান (সকল) ২। মসজিদের ইমাম (সকল)
০৪	**মুক্ত আলোচনা :** ক) সভাপতি উপস্থিত সদস্যগণকে মুক্ত আলোচনায় অংশ নিতে আহবান করলে চেয়ারম্যান, ০১মানিকছড়ি, ০২নং বাটনাতলী ও ০৪নং তিনটহরী ইউপি, মানিকছড়ি জানান যে, তাদের স্ব স্ব ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতি গত মাসের তুলনায় বেশ ভাল। তবে উপস্থিত উপস্থিত চেয়ারম্যান, ০১নং মানিকছড়ি ইউপি, মানিকছড়ি জানান যে, পাহাড়ী বাঙ্গালীর মধ্যে যে সাম্প্রদায়িক উত্তেজনার সৃষ্টি হয় তা সেনাবাহিনীর সহযোগিতায় সহনীয় পর্যায়ে নিয়ে আসা হয়েছে। এ ধরনের সাম্প্রদায়িক উত্তেজনার সৃষ্টি না হয় তার জন্য সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার অনুরোধ জানানো হয়।	(১) সাম্প্রদায়িক উত্তেজনা যাতে সৃষ্টি না হয় সেদিকে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকতে হবে।	১। অফিসার ইনচার্জ, মানিকছড়ি থানা। ২। ইউপি চেয়ারম্যান (সকল)
	খ) জনাব এম. এ রাজ্জাক, সাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি সভায় জানান যে, পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে গরুর হাটে এবং বাজারে পকেট মার ও নির্জন জায়গায় চিনতাই বেড়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। তাছাড়া বক্রিপাড়া, মলঙ্গীপাড়ায় সাম্প্রদায়িক উত্তেজনা প্রশমনে সেনাবাহিনীকে সহযোগিতার জন্য ধন্যবাদ জানান।	১) গরুর হাটে ও মানিকছড়ি বাজারে পকেট মার ও চিনতাই নিয়ন্ত্রণ করতে হবে।	১। বিভাগীয় প্রধান (সকল), মানিকছড়ি।

	গ) এম. এ জব্বার, সাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, মানিকছড়ি উপজেলা খাগড়াছড়ি জেলার মধ্যে খুবই শান্তিপূর্ণ জায়গায়। কিন্তু সাম্প্রতিক কালে কিছু কিছু ক্ষেত্রে সাম্প্রদায়িক সমস্যা দেখা দিচ্ছে। এ সমস্যা সমাধানের জন্য তৃণমূল হতে সচেতনতা বৃদ্ধি করতে হবে। উপজেলার সকল তৃণমূল পর্যায়ের হেডম্যান, কার্বারী, ইউপি সদস্য/সদস্যা, ইউপি চেয়ারম্যানগণের সাথে উপজেলার জনপ্রতিনিধি এবং উপজেলা প্রশাসনের সমন্বয়ে একটি সভার করার দরকার। যারা এধরনের বিভ্রান্তিকর পরিবেশের সৃষ্টি করে তাদের বিরুদ্ধে প্রশাসনের কঠোর ব্যবস্থা নেওয়া দরকার। ইদানিং মানিকছড়ি উপজেলায় উপজেলার প্রাণকেন্দ্র হতে প্রায় ০৯টি মোটর সাইকেল চুরি হয়েছে। এ বিষয়ে জরুরী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। তাছাড়া পবিত্র ঈদ-উল- আযহা উপলক্ষে প্রায় সব অফিস ফাঁকা হয়ে যায়। এ সময় পরিষদের নিরাপত্তার ব্যবস্থা করণের জন্য অনুরোধ করেন।	২। হেডম্যান, কার্বারীদের নিয়ে একটি সভার আয়োজন করতে হবে। ৩। পবিত্র ঈদ-উল- আযহার ছুটির সময় পরিষদের নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৪। বিভাগীয় প্রধানগণ নিজ নিজ আওতাধীন মোটর সাইকেলের নিরাপত্তা বিধান করবেন।	২। অফিসার ইনচার্জ, মানিকছড়ি থানা। ৩। ইউপি চেয়ারম্যান (সকল)
	ঘ) মো: আতিউল ইসলাম, প্রধান শিক্ষক, তিনটহরী উচ্চ বিদ্যালয়, মানিকছড়ি সভায় জানান যে, মানিকছড়ি উপজেলায় চ্যালেঞ্জ দিয়ে মোটর সাইকেল চুরি হচ্ছে। সঠিকভাবে তদন্ত করে মোটার সাইকেল চুরি নিয়ন্ত্রণ করার অনুরোধ জানান। তাছাড়া পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে অন্য ধর্মাবলম্বীদের কোন প্রকার সমস্যা না হয় এবং কোরবানির পর বর্জ্য সঠিক ব্যবস্থাপনায় নিষ্কাশন করার জন্য প্রত্যেক মসজিদের ইমামদের অনুরোধ করেন।	কোরবানির পর কোরবানির পশুর বর্জ্য সঠিক ব্যবস্থাপনায় নিষ্কাশন করতে হবে।	১। ইউপি চেয়ারম্যান (সকল) ২। মসজিদের ইমাম (সকল)
	গ) জনাব বাবু ম্রাগ্য মারমা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি সভায় জানান যে, মানিকছড়ি আইন-শৃংখলা পরিস্থিতি বেশ ভাল। তবে সাম্প্রতিক কালে সাম্প্রতিক উত্তেজনার সৃষ্টি হলে সেনাবাহিনী ও স্থানীয় জনপ্রতিধিদের সমন্বয়ে তা সমাধান হওয়া সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। বিশেষ করে সেনাবাহিনীর এই সহযোগিতা অব্যাহত রাখারও অনুরোধ করেন। দীপক চক্রবর্ত্তী, ০৪নং সদর ইউপি সদস্য সভায় জানা যে, সাম্প্রতিককালে মানিকছড়ি উপজেলায় মোটর সাইকেল চুরি পরিলক্ষিত হচ্ছে। এসমস্যা সমাধানে পুলিশ প্রশাসনের সহযোগিতা কামনা করেন। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় অবহিত করেন যে, মানিকছড়ি উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ভাল। মানিকছড়ি উপজেলা বাল্য বিবাহ সহনীয় পর্যায়ে আনা হয়েছে। তবে ইউপি সদস্যগণকে একটু সচেতন হলে বাল্য বিবাহ শুন্য কোটায় আনা যাবে। তাছাড়া মানিকছড়িতে ঈদ-উল- আযহা উপলক্ষে নির্জন কোন স্থানে জুয়া, মাদকসেবন না হয় সেদিক পুলিশ প্রশাসনের নজরদারি কামনা করেন। জনাব জিয়াউল হক, সাব-জোন কমান্ডার মানিকছড়ি সভায় অবগত করেন যে, মানিকছড়ি উপজেলায় আইন-শৃংখলা পরিস্থিতি বেশ ভাল। তবে মাঝে মাঝে পাহাড়ী বাঙ্গালীদের মধ্যে উত্তেজনার সৃষ্টি হয়। এই ধরনের উত্তেজনার সৃষ্টি হলে সাথে সাথে তাদের জানাতে জনপ্রতিনিধিদের অনুরোধ করেন।	(১) বাল্য বিবাহ রোধ করতে হবে। (২) পাহাড়ী ও বাঙ্গালীদের মধ্যে উত্তেজনার সৃষ্টি করা যাবে না।	১। অফিসার ইনচার্জ, মানিকছড়ি থানা। ২। ইউপি চেয়ারম্যান (সকল), মানিকছড়ি।
০৫	**বিবিধ :** সভাপতি উপস্থিত সকলকে অবহিত করেন যে, পবিত্র ঈদ-উল-আযহার কোরবানি হাটে জালনোট শনাক্ত করণে বুথ নির্মাণ করার অনুরোধ করেন তাছাড়া টর্চলাইটের জালনোট শনাক্ত করা হবে মর্মে সভায় অবহিত করেন। । সভাপতি স্থানীয় জনগণ, হেডম্যান, কারবারী, স্থানীয় জনপ্রতিনিধিদের আইন-শৃংখলা রক্ষায় সহযোগিতা কামনা করেন। যেকোন ধরনের অনাকাঙ্খিত ঘটনা ঘটার সাথে সাথে উপজেলা প্রশাসন অথবা পুলিশ প্রশাসনকে জানানো জন্য অনুরোধ করেন। ধর্মীয়ভাবে মসজিদের ইমামগণকে জুম্মারদিন বাল্যবিবাহ ও বহুবিবাহ বিষয়ে বয়ান দিতে সকল ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তাছাড়া নারী নির্যাতন, বাল্য বিবাহ, বহুবিবাহ, যৌতুক বিরোধী প্রচার/উদ্বুদ্ধকরণ কর্মসূচী অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	(১) তাবলীগ এর লোকজন আসার সাথে সাথে পুলিশ প্রশাসনকে অবহিত করতে হবে। (২) সকলের মধ্যে সচেতনা বৃদ্ধি করেতে হবে।	১। অফিসার ইনচার্জ, মানিকছড়ি ২। ইউপি চেয়ারম্যান (সকল) ৩। মসজিদের ইমাম, (সকল)

স্বাক্ষরিত/- ৩০/০৯/২০১৫খ্রি.
যুথিকা সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃংখলা কমিটি
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং-০৫.৪২.৪৬৬৭.০০০.০৬.০০১.১৫- ৮৪৭, তারিখঃ ৩০সেপ্টেম্বর১৫খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য,২৯৮ পার্বত্য খাগড়াছড়ি ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃংখলা কমিটি,মানিকছড়ি।
০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৪। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্র জেল।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি।
০৬। উপজেলা..সদস্য, উপজেলা আইন-শৃংখলা কমিটি,মানিকছড়ি।
০৭। চেয়ারম্যান, মানিকছড়ি/বাটনাতলী/যোগ্যছোলা/তিনট্যহরী ইউনিয়ন পরিষদ,মানিকছড়ি।
০৮। জনাব ...., মানিকছড়ি, খাগড়াছড়ি।

উপজেলা নির্বাহী অফিসার
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

E:\Dhiman\2015\Nikosh Folder\Law Nikosh.doc